# ভূমিহীনদের মাঝে কৃষি খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলীঃ

## ভূমিহীন কে/কারাঃ

১. যে পরিবারের বসতবাড়ী ও কৃষি জমি কিছুই নেই , কিন্তু পরিবারটি কৃষি নির্ভর।
২. যে পরিবারের ১০ শতাংশ পর্যন্ত বসতবাড়ি আছে কিন্তু কৃষিযোগ্য জমি নাই এইরুপ কৃষি নির্ভর পরিবারও ভূমিহীন হিসাবে গণ্য হইবে।

## ভূমিহীন পরিবারের অগ্রাধিকার তালিকাঃ

১.দুঃস্থ মুক্তিযোদ্ধা পরিবার।
২.নদী ভাঙ্গা পরিবার।
৩.সক্ষমপুত্রসহ বিধবা বা স্বামী পরিত্যক্তা পরিবার।
৪.কৃষি জমি নাই বা বাস্তুভিটাহীন পরিবার।
৫. অনধিক ০.১০ একর বসতবাটি আছে কিন্তু কৃষি জমি নাই এমন কৃষি নির্ভর পরিবার।
৬.অধিগ্রহণের ফলে ভূমিহীন হইয়া পড়িয়াছে এমন পরিবার।

## কৃষি খাসজমি বন্দোবস্ত প্রাপ্তির শর্তাবলীঃ

কৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা ,১৯৯৭ এ বর্ণিত শর্তাবলী নিম্নরূপঃ

১.প্রকৃত ভূমিহীন হতে হবে।
২. কৃষি খাসজমির জন্য আবেদন করতে হবে।
৩. যৌথ নামে আবেদন করতে হবে।তবে বিধবা বা বিপত্নীক হলে একক নামেও আবেদন করতে পারবে।

## যে সব প্রয়োজনীয় কাগজপত্রের প্রয়োজনঃ

১.নির্ধারিত ফরমে আবেদনপত্র ।
২.সদ্য তোলা পাসপোট সাইজের ছবি ( পরিবারের সদস্য সহ)
৩.জাতীয় পরিচয়পত্রের কপি।
৪.আবেদনকারীর ছবি (স্থানীয় চেয়ারম্যান /মেম্বার দ্বারা সত্যায়িত হতে হবে)
৫.স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ভূমিহীন প্রত্যয়নপত্র।

## সেবা প্রাপ্তির সময়ঃ

আবেদনকারীর সেবা পেতে সাধারণত ৯০-১২০ দিনের প্রয়োজন হয়।

## সেবা প্রাপ্তির স্থানঃ

১. জেলা প্রশাসকের কার্যালয় ।
২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ।
৩. উপজেলা ভূমি অফিস।

## সেবার নাম: ভূমিহীনদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান

